

## 💵 মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়িয়ম (রহঃ)

ঘুম থেকে উঠতেন তখন এই দু'আও পাঠ করতেন

## الْحَمْدُ لِلهِ الَّذِي أَحْيَانَا بَعْدَ مَا أَمَاتَنَا وَإِلَيْهِ النُّشُورُ

"সমস্ত প্রশংসা সেই আল্লাহর জন্য যিনি আমাদেরকে মৃত্যুর (ঘুমের) পর জাগ্রত করেছেন। তাঁর দিকেই সকলকে একত্রিত হতে হবে"।[1] অতঃপর তিনি মিসওয়াক করতেন। কখনও তিনি সূরা আল-ইমরানের শেষ দশ আয়াত পাঠ করতেন। অতঃপর তিনি ওযূ করে সংক্ষিপ্তভাবে দুই রাকআত সলাত আদায় করতেন। আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত হাদীছে এ ব্যাপারে আদেশও দেয়া হয়েছে।

রাত অর্ধেক হয়ে গেলে বা তার একটু পূর্বে বা অর্ধেক রাতের একটু পরে তিনি সলাতে দাঁড়াতেন। কখনও তিনি রাতের সলাতকে কয়েক অংশে ভাগ করে নিতেন আবার কখনও এক সাথে মিলিয়ে আদায় করতেন। তবে অধিকাংশ সময়ই তিনি কয়েক ভাগে বিভক্ত করেই আদায় করতেন। ভাগ করে আদায় করার ব্যাপারে আব্দুল্লাহ্ ইবনে আব্বাস (রাঃ) বলেন- নাবী (ﷺ) দুই রাকআত সলাত পড়ে শুয়ে পড়তেন এবং নিদ্রা যেতেন। এভাবে ছয় রাকআত সলাতে তিনবার এরূপ করেছেন। প্রতিবার উঠেই তিনি মিসওয়াক করেছেন এবং ওয়ু করেছেন। অতঃপর তিন রাকআত বিতর পড়েছেন।

## ফুটনোট

[1] . বুখারী, তাও. হা/৬৩১৪ ইফা. হা/৫৭৬২, আপ্র. হা/৫৮৬৯, আবু দাউদ, আলএ. হা/৫০৪৯, সহীহ ইবনে মাজাহ, তাও. হা/৩৮৭০, তিরমিযী, মাপ্র. হা/৩৪১৭, মিশকাত, মাশা. হা/২৩৮২

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3756

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন